

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ১৮৬০(আগরতলা, ১৪।০৮)

উদয়পুর, ১৪ আগস্ট, ২০১৮

**উদয়পুরে জগন্নাথ দীঘিতে নৌকাবাইচ অনুষ্ঠিত  
রাজ্যের প্রতিটি জাতিগোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতিকে  
বিকশিত করাই আমাদের লক্ষ্য : মুখ্যমন্ত্রী**

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আজ উদয়পুরের জগন্নাথ দীঘিতে অনুষ্ঠিত হল ঐতিহ্যবাহী নৌকাবাইচ প্রতিযোগিতা। ৭২তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে এই নৌকাবাইচ প্রতিযোগিতার আয়োজন করা হয়। আজ উদয়পুর জগন্নাথ দীঘির উত্তর পাড়ে প্রদীপ জ্বালিয়ে নৌকাবাইচ প্রতিযোগিতার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহরায়। সম্মানিত অতিথি ছিলেন বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিধায়ক সুভাষ চন্দ্র দাস, বিধায়ক প্রমোদ রিয়াং, গোমতী জেলা পরিষদের সভাপতি সুনীতি সাহা প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নৌকাবাইচ কমিটির চেয়ারম্যান জীতেন্দ্র মজুমদার। নৌকাবাইচ প্রতিযোগিতার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, আমরা চাইছি রাজ্যের প্রতিটি জাতিগোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি সবার সামনে তুলে ধরতে। ত্রিপুরার ঐতিহ্যবাহী পরম্পরা ও কৃষ্টি-সংস্কৃতিকে বর্তমান সমাজব্যবস্থার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে দেওয়া আমাদের লক্ষ্য। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার বিভিন্নভাবে মৎস্যচাষীদের মাছের উৎপাদন বৃদ্ধির জন্য উৎসাহিত করছে। এই ধরনের নৌকাবাইচ প্রতিযোগিতা এরই একটি অঙ্গ। তিনি বলেন, রাজ্যে বর্তমান মাছের চাহিদা রয়েছে ৯০ হাজার মেট্রিক টন। উৎপাদন হচ্ছে ৭০ হাজার মেট্রিক টন। বর্তমানে ২০ হাজার মেট্রিক টন মাছের ঘাটতি রয়েছে। এই অবস্থায় রাজ্যের বিভিন্ন জলাশয়গুলিতে মৎস্যচাষের উদ্যোগ নিলে এই ঘাটতি মেটানো সম্ভব হবে। মুখ্যমন্ত্রী বলেন, এই ধরনের অনুষ্ঠানের মাধ্যমে মৎস্যচাষীদের সংস্কৃতিকে আরও বিকশিত করার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। এটাই সরকারের লক্ষ্য। তিনি বলেন, সংস্কৃতির সাথে অর্থনীতির গভীর সম্পর্ক রয়েছে। অনুষ্ঠানের বিশেষ অতিথি পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, রাজ্যের বিভিন্ন জলাশয়গুলি সংস্কার করে আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলা হবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন নৌকাবাইচ কমিটির চেয়ারম্যান জীতেন্দ্র মজুমদার। উদ্বোধনী অনুষ্ঠানের পর শুরু হয় পুরুষ ও মহিলা বিভাগে নৌকাবাইচ প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় মোট ১৮টি দল অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে অতিথিগণ পুরস্কার বিতরণ করেন।

\*\*\*\*\*